


প্রকাশ : বুধবার, ৩০ ডিসেম্বর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ৩০ ডিসেম্বর, ২০১৫ ০৩:১৬

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

গাবতলীর অবৈধ স্থাপনা সরাতে মেয়র আনিসুলের আলটিমেটাম

আমিনবাজার-শ্যামলী সড়ক পার্কিং মুক্ত ঘোষণা

| নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

নতুন বছরের প্রথম দিন থেকে ঢাকার প্রবেশ মুখ গাবতলী ও এর আশপাশের প্রধান সড়কগুলো যানজটমুক্ত করার ঘোষণা দিয়ে সেখান থেকে অবৈধ দখলদারদের সরে যেতে বলেছেন উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। চলতি মাসে বিভিন্ন সভা-সেমিনারে

শ্যামলী থেকে আমিনবাজার পর্যন্ত সড়কে অবৈধ স্থাপনা নির্মাণকারীদের নিজ উদ্যোগে সরে যাওয়ার

অনুরোধ করার পর গতকাল গাবতলী বাস টার্মিনালে এক সুধী সমাবেশ এই ঘোষণা দেন তিনি। আলটিমেটাম দিয়ে আনিসুল হক বলেন, ২০১৬ সালের প্রথম দিন থেকে শ্যামলী, কল্যাণপুর, গাবতলী এবং আমিনবাজার এলাকায় প্রধান সড়কে আর কোনো পার্কিং, অবৈধ স্থাপনা থাকতে পারবে না। ১ জানুয়ারি থেকে অভিযান শুরু হবে। গাবতলী বাস টার্মিনালের ভেতরে কোনো অবৈধ স্থাপনা, দোকানপাট, অচল বাস দাঁড়িয়ে থাকতে পারবে না।

অনুষ্ঠানে নৌপরিবহনমন্ত্রী শাহজাহান খানও উপস্থিত ছিলেন। পরিবহন মালিক ও শ্রমিক নেতাদের উদ্দেশে মেয়র বলেন, সাধারণ মানুষের কষ্টের কথা বিবেচনা করে আপনাদের সঙ্গে সমন্বয় করতে এসেছি। কাজ করবেন আপনারা।

কারওয়ানবাজারে সম্ভব হয়েছে, পল্লবীতে হয়েছে। এখানেও হবে।

তবে মেয়রের কথা মেনে নিতে বাস-ট্রাক রাখার বিকল্প ব্যবস্থা চেয়েছেন মালিক ও শ্রমিক সংগঠনের নেতারা।

বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব এনায়েত উল্লাহ বলেন, আমরা কোনো শর্ত দিচ্ছি না। তবে বিকল্প ব্যবস্থা করে দিন। আমরা সবাই চাই অবৈধ দখলের এই সংস্কৃতি দূর হউক।